# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১০. প্রবৃত্তির জিহাদই কঠিনতম জিহাদ

আমাদের সমাজে এ অর্থে আরেকটি ‘হাদীস’ প্রচলিত:

أَشَدُّ الْجِهَادِ جِهَادُ الْهَوَى

“সবচেয়ে কঠিন জিহাদ প্রবৃত্তির সাথে জিহাদ।”

কথাটি রাসূলুল্লাহ (ﷺ)-এর কথা নয়। তাঁর কথা হিসেবে কোনো সনদেই তা বর্ণিত হয় নি। প্রসিদ্ধ তাবি-তাবিয়ী ইবরাহীম ইবনু আদহাম (১৬১হি) থেকে তাঁর নিজের বক্তব্য হিসেবে বর্ণিত।[1]

উল্লেখ্য যে, এ অর্থের কাছাকাছি সহীহ হাদীস রয়েছে। ফুদালাহ ইবনু উবাইদ (রা) বলেন, বিদায় হজ্জের ওয়াযের মধ্যে রাসূলুল্লাহ (ﷺ) বলেন:

الْمُجَاهِدُ مَنْ جَاهَدَ نَفْسَهُ لِلَّهِ (وفي رواية: فِي طَاعَةِ اللَّهِ)

“আর মুজাহিদ তো সে ব্যক্তি যে আল্লাহর জন্য/ আল্লাহর আনুগত্যের জন্য নিজের প্রবৃত্তির সাথে জিহাদ করে।”[2]

দুঃখজনক যে, বিভিন্ন প্রসিদ্ধ হাদীস গ্রন্থে সংকলিত সহীহ হাদীস বাদ দিয়ে ভিত্তিহীন বানোয়াট কথাগুলো আমরা রাসূলুল্লাহ (ﷺ)-এর নামে বলি।

## ফুটনোট

[1] আবূ নু‘আইম, হিলইয়াতুল আউলিয়া ৮/১৮; বাইহাকী, কিতাবুয যুহদ ২/১৫২।

[2] তিরমিযী, আস-সুনান ৪/১৬৫; ইবনু হিববান, আস-সহীহ ১১/২০৪; হাকিম, আল-মুসতাদরাক ১/৫৪; হাইসামী, মাওয়ারিদ ১/১২৭-১২৮; মাজমাউয যাওয়াইদ ৩/২৬৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4871

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন